**ALL INDIA RADIO**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**EVENING NEWS BULLETIN**

**BENGALI**

**23 JUNE 2024** **7:45—7:55 PM IST**

===========================================================================

১) অষ্টাদশ লোকসভার প্রথম অধিবেশনে আগামীকাল নবনির্বাচিত সদস্যদের শপথ গ্রহণ । আগামী ২৬ জুন নলবারীতে আসাম মন্ত্রী সভার বৈঠক ।
২) দেশের বন্যা ব্যবস্থাপনার সামগ্রিক প্রস্তুতি সম্পর্কে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহর পর্যালোচনা । আসামের বন্যা পরিস্থিতি নিয়েও আলোচনা ।
৩) এম বি বি এস পাঠ্যক্রমে নাম ভর্তীর জন্য অনুষ্ঠিত নীট ( ইউ জি ) পরীক্ষায় গ্রেস নম্বর লাভ করা মোট ১ হাজার ৫শো ৬৩ জন প্রার্থীর মধ্যে আজ ৮শো ১৩ জন পরীক্ষার্থী পুনরায় এই পরীক্ষায় অবতীর্ণ ।
৪) করিমগঞ্জ জেলার দ্বিতীয় দফার বন্যার ক্ষয়ক্ষতি সরেজমিনে পরিদর্শন করতে রাজ্যের জলসম্পদ বিভাগের ও সংশ্লিষ্ট জেলার অভিভাবক মন্ত্রী পীযূষ হাজারিকার আজ করিমগঞ্জ জেলা সফর/

---

অষ্টাদশ লোকসভার প্রথম অধিবেশন আগামীকাল থেকে আরম্ভ হবে । এই অধিবেশনে নবনির্বাচিত সদস্যরা শপথ গ্রহণ করবেন । অস্থায়ী অধ্যক্ষ হিসেবে নুযুক্তি প্রদান করা বি জে পির প্রবীন সাংসদ ভত্রুহরি মহতাব লোকসভার নব নির্বাচিত সদস্যদের শপথবাক্য পাঠ করাবেন । লোকসভার নতুন অধ্যক্ষ নির্বাচন আগামী ২৬ জুন অনুষ্ঠিত হবে । রাষ্ট্রপতি শ্রীমতী দ্রৌপদী মূর্মু আগামী ২৭ জুন লোকসভা এবং রাজ্যসভার যৌথ অধিবেশনে ভাষণ দেবেন । তেসরা জুলাই সংসদের অধিবেশন সমাপ্ত হবে ।

---

আকাশবাণীর সংবাদ সেবা বিভাগ আগামীকাল থেকে শুরু হওয়া অষ্টাদশ লোকসভার প্রথম অধিবেশনের প্রাকক্ষণে আজ রাত সাড়ে ৯টা থেকে ১০টা পর্যন্ত **ইস্যুজ বিফোর পারলিয়ামেন্ট** এবং

**সংসদ কে সমক্ষ মুদ্দে** শীর্ষক বিশেষ আলোচনা প্রচার করবে । ইস্যুজ বিফোর পারলিয়ামেন্ট আলোচনা আকাশবাণীর রেইনবো এবং অতিরিক্ত ফ্রিকুয়েন্সিতে শুনা যাবে । এছাড়া সংসদ কে সমক্ষ মুদ্দে এই আলোচনা আকাশবাণীর গোল্ড এবং অতিরিক্ত ফ্রিকুয়েন্সিতে শুনা যাবে । এই আলোচনা নিউজ অন এ আই আর ডট কম এবং ইউ টিউব চ্যানেল , নিউজ অন এ আই আর অফিসিয়াল যোগেও প্রচার করা হবে ।

---

আসাম মন্ত্রীসভার পরবর্তী বৈঠক আগামী ২৬ জুন নলবারীতে অনুষ্ঠিত । দিশপুরের বাইরে অনুষ্ঠেয় চতুর্দশ মন্ত্রীসভার এই বৈঠকের জন্য নলবারী জেলা প্রশাসন প্রস্তুতি অব্যাহত রেখেছে । এই উদ্দেশ্যে আজ মন্ত্রী জয়ন্ত মল্লবরুয়া নলবারী জেলা আয়ুক্ত কার্যালয়ে একটি প্রস্তুতি বৈঠকে অংশ গ্রহণ করেন । বৈঠকে জেলা প্রশাসন এবং অন্যান্য সংশ্লিষ্ট আধিকারিকরা এই সম্পর্কে যাবতীয় পরিকল্পনা গ্রহণ করেন ।

---

কেন্দ্রীয় স্বরাষ্ট্র ও সমবায় মন্ত্রী অমিত শাহের অধ্যক্ষতায় আজ নতুনদিল্লীতে অনুষ্ঠিত এক বৈঠকে দেশের বন্যা ব্যবস্থাপনার সামগ্রিক প্রস্তুতি সম্পর্কে পর্যালোচনা করা হয় ।বৈঠকে কেন্দ্রীয় জলশক্তি মন্ত্রী সি আর পাটিল , কেন্দ্রীয় স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী নিত্যানন্দ রায় সহ কেন্দ্রীয় সরকারের বিভিন্ন মন্ত্রনালয় ও বিভাগের সচিবরা অংশগ্রহণ করেন ।উল্লেখ্য গতমাসে রেমাল ঘূর্ণীঝড়ের প্রভাবে আসামের বেশ কয়েকটি জেলা বন্যায় ক্ষতিগ্রস্থ হওয়া সহ ত্রিপুরায়ও ব্যাপক ক্ষতিসাধন হয়েছে এছাড়া উত্তরাখন্ড , হিমাচল প্রদেশ ও সিকিম সহ কয়েকটি রাজ্যে ভূমি ধসেও ব্যাপক ক্ষয়ক্ষতি হয়েছে ।এদিকে ভারতীয় আবহাওয়া বিজ্ঞান বিভাগের আবহাওয়ার পূর্বাভাসে এবছর স্বাভাবিকের চাইতে বেশী বৃষ্টিপাতের সম্ভাবনার কথা জানানো হয়েছে ।

---

এম বি বি এস পাঠ্যক্রমে নাম ভর্তীর জন্য অনুষ্ঠিত নীট ( ইউ জি ) পরীক্ষায় গ্রেস নম্বর লাভ করা মোট ১ হাজার ৫শো ৬৩ জন প্রার্থীর মধ্যে আজ ৮শো ১৩ জন পরীক্ষার্থী পুনরায় এই পরীক্ষায় অবতীর্ণ হয়েছে । সুপ্রীম কোর্টের নির্দেশ অনুসারে আজ মোট ৭টি পরীক্ষা কেন্দ্রে এই পরীক্ষা গ্রহণ করা হয়েছে । এন টি এর একজন প্রবীন আধিকারিক জানিয়েছেন যে মোট পরীক্ষার্থীর ৫২ শতাংশ ছাত্র-ছাত্রী আজ পুনরায় এই পরীক্ষায় বসেছে । উল্লেখ্য যে চলতি মাসের শুরুতে জারী করা একটি বিজ্ঞপ্তিতে জাতীয় পরীক্ষণ সংস্থা ( এন-টি-এ ) জানিয়েছিল যে ২৩ জুন অর্থাৎ আজ দুপুর ২টো থেকে সন্ধ্যা ৫টা ২০ মিনিট পর্যন্ত এই ছাত্র-ছাত্রীদের পুনরায় পরীক্ষা গ্রহণ করা হবে । বজ্ঞপ্তিতে বলা হয়েছিল যে গ্রেস নম্বর লাভ করা যেসব পরীক্ষার্থী পুনরায় পরীক্ষায় অবতীর্ণ হতে অনিচ্ছুক তাদের ফলাফল গ্রেস নম্বর বাদ দিয়ে মূল প্রাপ্ত নম্বরের ভিত্তিতেই আবার ঘোষণা করা হবে ।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ ভারতীয়  জনসংঘের প্রতিষ্ঠাতা , বিশিষ্ট চিন্তাবিদ তথা শিক্ষাবিদ ডঃ শ্যামা প্রসাদ মুখার্জীর মৃত্যু বার্ষিকীতে তাঁর প্রতি শ্রদ্ধার্ঘ্য নিবেদন করেন ।সামাজিক মাধ্যমে এক বার্তায় প্রধানমন্ত্রী বলেন যে ডঃ মুখার্জী দেশের সেবায় তাঁর জীবন উৎসর্গ করে গেছেন ।ডঃ মুখার্জীর গতিশীল ব্যক্তিত্ব দেশের প্রত্যেক প্রজন্মকে অনুপ্রাণিত করে যাবে বলে তিনি মন্তব্য করেন ।
কেন্দ্রীয় মন্ত্রী তথা বিজেপির জাতীয় সভাপতি জে পি নাড্ডা ডঃ শ্যামা প্রসাদ মুখ্যর্জীর প্রয়াণ দিবসে তাঁর প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করেন ।সংবাদ মাধ্যমের সঙ্গে কথাবার্তায় শ্রী নাড্ডা বলেন যে প্রয়াত ডঃ মুখার্জী বহুমুখী প্রতিভার অধিকারী ছিলেন ।একজন দেশপ্রেমিক , শিক্ষাবিদ , ও সামাজিক ন্যায়ের অধিবক্তা হিসেবে তিনি সর্বদা স্মরণীয় হয়ে থাকবেন বলে শ্রী নাড্ডা মন্তব্য করেন ।উল্লেখ্য ১৯৫৩ সালের ২৩ শে জুন শ্রীনগরে  ডঃ মুখার্জীর মৃত্যু হয়েছিল ।

---

হাইলাকান্দি জেলা বিজেপির পক্ষ থেকেও আজ ভারতীয় জনসংঘের প্রতিষ্ঠাতা ডঃ শ্যামা প্রসাদ মুখার্জীর প্রয়ান দিবস বলিদান দিবস হিসেবে পালন করা হয়েছে ।হাইলাকান্দি জেলা বিজেপি কার্যালয়ে আজ এ উপলক্ষে আয়োজিত এক আলোচনা সভায় ডঃ মুখার্জীর প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করা হয় ।জেলা বিজেপি সহ সভাপতি সুমন দাসের পৌরহিত্যে অনুষ্ঠিত সভায় বিভিন্ন বক্তা ডঃ মুখার্জীর জীবন ও আদর্শ নিয়ে বক্তব্য রাখেন । সভায় অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন বিজেপির প্রাক্তন জেলা সভাপতি মিহির চক্রবর্তী , সাধারণ সম্পাদক স্বপন পাল , মহিলা মোর্চার সভানেত্রী অনামিকা পাল প্রমুখ ।

---

কেন্দ্রীয় ক্রীড়া মন্ত্রী মনসুখ মান্ডভিয়া আর্ন্তজাতিক অলিম্পিক দিবস উপলক্ষে দেশের এথলিটদের শুভেচ্ছা জানিয়েছেন । আসন্ন প্যারিস অলিম্পিকে ভালো ফল প্রদর্শন করে দেশের মান উজ্জ্বল করার জন্য খেলোয়াড়দের শুভেচ্ছা জানান । ক্রীড়ার মাধ্যমে শান্তি ও সম্প্রীতির বন্ধন আরো সুদৃঢ় করার ক্ষেত্রে আর্ন্তজাতিক অলিম্পিক দিবসের তাৎপর্য রয়েছে বলে তিনি মন্তব্য করেন । এদিকে কেন্দ্রীয় মন্ত্রী সর্বানন্দ সনোয়াল আজ নগাঁওয়ের নুরুল আমিন স্টেডিয়ামে অনুষ্ঠিত আর্ন্তজাতিক অলিম্পিক দিবসের কার্যসূচীতে অংশগ্রহণ করেন । এই দিবসের সঙ্গে সঙ্গতি রেখে আয়োজন করা ‘অলিম্পিক ডে রান’ শীর্ষক ম্যারাথন দৌড় কেন্দ্রীয় মন্ত্রী শ্রী সনোয়াল পতাকা উত্তোলন করে সূচনা করেন । এই অনুষ্ঠানে রাজ্যের ক্রীড়ামন্ত্রী নন্দিতা গারলোসা এবং বিধায়ক রূপক শর্মা উপস্থিত ছিলেন ।

---

করিমগঞ্জ জেলার দ্বিতীয় দফার বন্যার ক্ষয়ক্ষতি পর্যালোচনা করতে রাজ্যের জলসম্পদ বিভাগের এবং করিমগঞ্জ জেলার অভিভাবক মন্ত্রী পীযূষ হাজারিকা আজ করিমগঞ্জ জেলা সফর করেছেন । আজ বিকেল চারটায় তিনি বদরপুর পৌঁছে বদরপুর ও শ্রীগৌরীতে বরাক নদীর ভাঙন এলাকা পরিদর্শন করেন । তারপর করিমগঞ্জ শহরের পাবলিক উচ্চতর মাধ্যমিক বিদ্যালয় এবং এন টি সি বিদ্যালয়ের ত্রাণ শিবিরগুলি পরিদর্শন করেন । তিনি শ্রীগৌরীর ভাঙন রোধে ৫০০ মিটার দীর্ঘ স্থায়ী ভাঙন নিয়ন্ত্রণের কাজ হাতে নেওয়ার প্রতিশ্রুতি দেন । উল্লেখ্য-বরাক নদীর ভাঙনে জাতীয় সড়কের ব্যাপক ক্ষতি হওয়ায় এই সড়ক দিয়ে চলাচল বেশ বিপদজনক হয়ে পরেছে । তিনি লঙ্গাই ও কুশিয়ারা নদীর জলস্ফীতিতে উদ্ভুত বন্যায় ক্ষতিগ্রস্তদের জন্য খোলা আশ্রয় শিবিরে গিয়ে বন্যা কবলিত মানুষের খোঁজখবর নেন । তিনি শিবিরগুলিতে থাকা জনসাধারণকে পর্যাপ্ত সুযোগ সুবিধা প্রদানের বিষয়টি নিশ্চিত করতে জেলাপ্রশাসনকে নির্দেশ দেন । তিনি বদরপুরঘাটে জলসম্পদ বিভাগের একটি স্লুইস গেটও পরিদর্শন করেন । বরাক নদীর জলস্তর বৃদ্ধি পেলে ঐ স্থানে সমস্যার সৃষ্টি হওয়ার পরিপ্রেক্ষিতে মন্ত্রী শ্রী হাজারিকা জলসম্পদ বিভাগের সংশ্লিষ্ট আধিকারিকদের জরুরিকালীনভাবে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার নির্দেশ দেন ।কাজেই এই স্থানে জলসম্পদ বিভাগ ভাঙন রোধ করতে তৎপরতার সঙ্গে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করছে বলে তিনি জানিয়েছেন ।

এদিকে মন্ত্রী শ্রী হাজারিকা আজ জেলা আয়ুক্তের কার্যালয়ের সভাকক্ষে বরাক উপত্যকা কয়েকজন বিধায়ক, পরশাসনিক কর্মকর্তা ও বিভাগীয় কর্মকর্তাদের সঙ্গে নদী ভাঙন ও বর্তমান বন্যা পরিস্থিতি নিয়ে পর্যালোচনা সভায় মিলিত হন । শ্রী হাজারিকার আজকের করিমগঞ্জ জেলা সফরের সময় তার সঙ্গে চার বিধায়ক কৃষ্ণেন্দু পাল, কৌশিক রাই, কমলাক্ষ দে পুরকায়স্থ, বিজয় মালাকার, করিমগঞ্জ জেলা বিজেপি সভাপতি সুব্রত ভট্টাচার্য, জেলা আয়ুক্ত মৃদুল যাদব, জলসম্পদ বিভাগের আধিকারিকরা সহ অন্যান্যরা উপস্থিত ছিলেন ।

---

অম্বুবাচী মেলার আজ দ্বিতীয় দিনে শক্তিপীঠ কামাখ্যা ধামে দেশি-বিদেশি ভক্তের ভীড় অব্যাহত রয়েছে । বিভিন্ন বেশ-ভূষায় সজ্জিত সাধু, সন্ন্যাসী ও ভক্তদের সমাগমে কামাখ্যা মন্দিরের চারদিকে উৎসবমুখর পরিবেশ বিরাজ করছে । মন্দিরের প্রধান পুরোহিত কোবিন্দ প্রসাদ শর্মা সংবাদ মাধ্যমকে জানিয়েছেন যে- গতকাল একলক্ষ থেকে দেড়লক্ষ ভক্তের সমাগম হয়েছে । আজ ছুটির দিন হওয়ায় ভক্তের সংখ্যা তুলনামূলকভাবে বেশি হয়েছে বলে তিনি জানিয়েছেন । অম্বুবাচী মেলা পরিচালন সমিতি এবং পুলিশ প্রশাসনের পক্ষ থেকে দেওয়া বিধিনিষেধ সবাইকে মেনে চলার জন্য শ্রী শর্মা সকলের প্রতি আহ্বান জানান ।

---

হাইলাকান্দির স্বাস্থ্য বিভাগের যুগ্ম সঞ্চালক জেলার স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠান গুলিকে ক্লিনিক্যাল এষ্টাবলিশমেন্ট পোর্টালে রেজিষ্ট্রেশন করতে নির্দেশ জারী করেছেন । এতে বলা হয়েছে যে জেলার যে সব ব্যাক্তি মালিকানাধীন স্বাস্থ্যসেবা প্রতিষ্ঠান যেমন ডায়গ্নষ্টিক সেন্টার , প্যাথলজিক্যাল ল্যাবরেটরি , এক্সরে ক্লিনিক , আল্ট্রাসনোগ্রাফি সেন্টার , নার্সিং হোম , পলি ক্লিনিক , সিঙ্গোল ডাক্তার চেম্বার সহ সব ধরণের ডায়গ্নষ্টিক সেন্টার , ফার্মাসি ইত্যাদি যাবতীয় স্বাস্থ্য প্রতিষ্ঠানকে ক্লিক্যাল এষ্টাবলিশমেন্ট পোর্টালে বাধ্যতামূলক রেজিষ্ট্রেশন করতে হবে । এই আদেশে পোর্টালে রেজিষ্ট্রেশন করে মূল ডি-ডি কপি সহ সব রেকর্ডপত্র হাইলাকান্দির যুগ্ম স্বাস্থ্য সঞ্চালকের কার্যালয়ে অবিলম্বে জমা দিতে বলা হয়েছে ।

---

হাইলাকান্দি জেলা পশুপালন বিভাগের উদ্যোগে গত শুক্রবার ও গতকাল কালিনগর এবং বক্রিহাওর গাওপঞ্চায়েত এলাকায় পশু খাদ্য বন্টন করা হয় । বন্যার কবলে পড়া কালিনগর জি-পিতে গত শুক্রবার ২০ কুইন্টাল পশুখাদ্য ( গমের ভূসি ) বন্টন করা হয় ।  অনুরূপভাবে গতকাল বক্রিহাওর জি-পিতেও পশুখাদ্য বন্টন করা হয় ।

---

==========================================================================================